# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৭১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৪১]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ নামায শেষে যিকির

باب الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ

আরবী

ـ عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّه عَنْهمَا: أَنَّ رَفْعَ الصَّوْتِ بِالذِّكْرِ، حِينَ يَنْصَرِفُ النَّاسُ مِنَ الْمَكْتُوبَةِ، كَانَ عَلَى عَهْدِ النَّبِيِّ . وَقَالَ ابْنُ عَبَّاسٍ: كُنْتُ أَعْلَمُ إِذَا انْصَرَفُوا بِذَلِكَ إِذَا سَمِعْتُهُ. (بخارى:

বাংলা

৪৭১) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ ফরয নামাযের পর উচ্চস্বরে যিকির করার নিয়ম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় চালু ছিল। ইবনে আব্বাস বলেনঃ যিকিরের আওয়াজ শুনে আমি লোকদের নামাযের সমাপ্তি অনুভব করতাম।

টিকাঃ এখানে যিকির বলতে ফরয নামাযের পর অন্যান্য মাসনুন যিকির উদ্দেশ্য। যা তিনি নিয়মিত পাঠ করতেন। এ থেকে একদিকে যেমন ফরয নামাযের পর সুন্নাতী আমল প্রমাণিত হচ্ছে, অপর দিকে বিদআতী আমলের প্রতিবাদ হচ্ছে। অর্থাৎ হাদীছের বর্ণনা অনুযায়ী ফরয নামাযের সালামের পর যিকির পাঠ করা সুন্নাত। পক্ষান্তরে মাসনুন যিকির বাদ দিয়ে সবাই মিলে হাত তুলে মুনাজাত দেয়া বিদআত। তবে মাসনুন যিকির পাঠ করার পর কেউ যদি একা হাত তুলে মুনাজাত করে তাতে কোন দোষ নেই।

## English

The Dhikr (remembering Allah by Glorifying, Praising and Magnifying Him) after As-Salat (the prayer)

Narrated Ibn `Abbas:

He said "In the lifetime of the Prophet (ﷺ) it was the custom to celebrate Allah's praises aloud after the compulsory congregational prayers." Ibn `Abbas said, "When I heard the Dhikr, I would learn that the compulsory

congregational prayer had ended."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89769

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন